অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/25/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ব্রুম কাউন্টিতে বিংহ্যামটন ইউনিভার্সিটির ডেকার কলেজ অফ নার্সিং অ্যান্ড হেলথ সায়েন্সেসের শুভ উদ্বোধন ঘোষণা করেছেন

112 হাজার বর্গ ফুটের পরিষেবা - যা প্রাক্তন এন্ডিকট শু বক্স ফ্যাক্টরি ছিল - এখন শিক্ষার্থীদের প্রথম ক্লাসের জন্য খোলা

নিউ ইয়র্ক স্টেট বিংহ্যামটন ইউনিভার্সিটির 13-একরের হেলথ সায়েন্সেস ক্যাম্পাসে এবং STEM শিক্ষা উদ্যোগে 287 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ব্রুম কাউন্টিতে জনসন সিটি ভিলেজের বিংহ্যামটন ইউনিভার্সিটির (Binghamton University, BU) ডেকার কলেজ অফ নার্সিং অ্যান্ড হেলথ সায়েন্সেসের (Decker College of Nursing and Health Sciences) শুভ উদ্বোধন ঘোষণা করেছেন। জনসন সিটির ডাউনটাউনে অবস্থিত 13-একরের হেলথ সায়েন্সেস ক্যাম্পাস, যার মধ্যে রয়েছে ডেকার কলেজ এবং বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল ও গণিত (Science, Technology, Engineering, and Mathematics, STEM) STEM শিক্ষা উদ্যোগে (STEM Education Initiatives) স্টেট 287 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। এখন সম্পূর্ণ, ছয় তলার, 112,000 বর্গ ফুটের শিক্ষা পরিষেবাটি পুনর্বাসিত এন্ডিকট জনসন শু বক্স ফ্যাক্টরির ভেতরে অবস্থিত। একদা 97,000 বর্গ ফুটের স্থাপনা, প্রকল্পে মূল ভবনের সাথে 15,000 বর্গ ফুটের বাড়তি স্থাপনা নির্মাণ অন্তর্ভুক্ত ছিল। 130 জনের বেশি ফ্যাকাল্টি এবং স্টাফ ডেকার কলেজে কর্মরত আছেন, যাতে 700 এর বেশি শিক্ষার্থী রয়েছে (স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে)। বিশ্বজুড়ে ডেকার কলেজের 6,000 এর বেশি প্রাক্তন শিক্ষার্থী রয়েছে, যাদের অনেকেই প্রধান ক্লিনিশিয়ান, গবেষক, শিক্ষক এবং এডমিনিস্ট্রেটর হিসাবে তাদের সম্প্রদায়কে সেবা করছেন।

"এটি নিউ ইয়র্কের জন্য একটি খুবই উত্তেজনাকর মুহূর্ত যখন আমরা বিংহ্যামটন ইউনিভার্সিটির ডেকার কলেজ অফ নার্সিং অ্যান্ড হেলথ সায়েন্সেসের একদম নতুন পরিষেবার শুভ উদ্বোধন করছি, যা নিউ ইয়র্কের বিশ্ব মানের শিক্ষা ব্যবস্থার জন্য আমাদের সর্ব সাম্প্রতিক বিনিয়োগ যা ভবিষ্যতের কর্মীদল তৈরি করছে," **গভর্নর হোকল বলেন।** "এই প্রকল্প এবং সাউদার্ন টিয়ারজুড়ে অন্যান্য রূপান্তরমূলক উদ্যোগের মাধ্যমে, আমরা তরুণ প্রতিভাকে আকৃষ্ট করা এবং ধরে রাখার পাশাপাশি আমাদের স্টেটের অর্থনৈতিক উন্নয়ন করতে পারবো।"

নতুন ডেকার কলেজ অফ নার্সিং অ্যান্ড হেলথ সায়েন্সেস ভবন, যা প্রথমবারের মত 2021 সালে জনসন সিটিতে শিক্ষার্থীদের স্বাগত জানায়, বিশ্ববিদ্যালয়টির উচ্চাভিলাষী হেলথ সায়েন্স

ক্যাম্পাসের মাত্র একটি অংশের প্রতিনিধিত্ব করে, যা গ্রামের প্রাক্তন মুষড়ে পড়া করলিস অ্যাভিনিউ এলাকায় অবস্থিত। প্রকল্পের মধ্যে রয়েছে বিংহ্যামটন ইউনিভার্সিটি স্কুল অফ ফার্মেসি অ্যান্ড ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস (School of Pharmacy and Pharmaceutical Sciences), যা গত বসন্তে এর প্রথম স্নাতক ক্লাসকে বিদায় জানায় এবং সেই প্রথম স্নাতক ক্লাসের সাথে ফার্মেসি শিক্ষার জন্য স্বীকৃতি কাউন্সিল (Accreditation Council for Pharmacy Education, ACPE) এর কাছ থেকে প্রোগ্রামের জন্য পূর্ণ স্বীকৃতি আসে।

নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদারিত্বে, বিংহ্যামটন ইউনিভার্সিটি জনসন সিটির অর্থনীতিক দিক থেকে অনেক চ্যালেঞ্জে জর্জরিত একটি একদা মুষড়ে পড়া এলাকাকে রূপান্তর করেছে। হেলথ সায়েন্সেস ক্যাম্পাস, কা ভিলেজের মেইন স্ট্রিট বিজনেস ডিসট্রিক্টে অবস্থিত, এমন একটি এলাকায় পরিণত হয়েছে যেখানে মানুষ বসবাস করছে, কাজ করছে, খেলছে এবং উদ্ভাবনী গবেষণা করছে।। বর্তমানে, বিশ্ববিদ্যালয়টি লর্ডস হাসপাতালের সাথে অংশীদারিত্ব করছে কাছেই একটি বয়স্ক যত্ন পরিষেবা নির্মাণের জন্য যেটি সম্প্রদায়কে সেবা প্রদান করবে এবং শিক্ষার্থীদের হাতে কলমে ক্লিনিকাল অভিজ্ঞতা অর্জনের সুযোগ দেবে।

বিংহ্যামটন ইউনিভার্সিটির প্রেসিডেন্ট হার্ভি স্টেঙ্গার বলেন, "আমাদের হেলথ সায়েন্সেস ইনিশিয়েটিভ (Health Sciences Initiative) এবং জনসন সিটি ক্যাম্পাস কেবল রাতারাতি তৈরি হয়ে যায়নি বরং আমাদের কৌশলগত পরিকল্পনা প্রক্রিয়ার রোড ম্যাপ ধরে এসেছে। আমরা জানতাম যে আমাদের স্বাস্থ্য বিজ্ঞানে উল্লেখযোগ্য পরিমাণ দক্ষতা ছিল, এবং স্থানীয়, আঞ্চলিক এবং জাতিগত কর্মীদল সংকট রয়েছে যা আমরা প্রশমন করতে সহায়তা করতে পারতাম। বহু বছরের পরিকল্পনা এবং আমাদের বিশ্ববিদ্যালয় সম্প্রদায়ের প্রতিটি ক্ষেত্র এবং বাইরের সমর্থনে, আমরা সফলভাবে আমাদের স্কুল অফ ফার্মেসি অ্যান্ড ফার্মাসিউটিক্যাল সায়েন্সেসের জন্য প্রোগ্রামের নকশা করতে সক্ষম হই এবং আমাদের ডেকার কলেজ অফ নার্সিং এর জন্য বাড়তি শিক্ষাসূচী এবং প্রোগ্রাম তৈরিতে সক্ষম হউ, যা র ডেকার কলেজ অফ নার্সিং অ্যান্ড হেলথ সায়েন্সেসে পরিণত হয়েছে। আমরা জনসন সিটির শহুরে মূলকেন্দ্র রূপান্তর করার ব্যাপারে উত্তেজিত। বিংহ্যামটনে আমাদের সম্প্রসারণ প্রচেষ্টায় ডাউনটাউনের সম্প্রদায়গুলিকে টার্গেট করার আমাদের কৌশল কাজে লেগেছে এবং এখন ভিলেজে একই ধরণের ইতিবাচক প্রভাব ফেলছে। আমরা মূলধন ডলার এবং আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (Regional Economic Development Council, REDC) এর আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের (Upstate Revitalization Initiative) মাধ্যমে পাওয়া তহবিলের জন্য আমরা নিউ ইয়র্ক স্টেটের নেতৃত্বকে এবং আমাদের স্থানীয় নির্বাচিত কর্মকর্তাদের ধন্যবাদ জানাই। গভর্নর হোকল শুরু থেকেই আমাদের সাথে রয়েছেন, এই প্রকল্পকে সম্প্রসারিত হতে দেখেছেন এবং আজকে তার ফলাফল দেখতে তিনি এখানে উপস্থিত থাকায় আমরা সবাই উচ্ছ্বসিত।"

নিউ ইয়র্ক স্টেটের 287 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের মধ্যে রয়েছে, উদ্ভাবনী BU হেলথ সায়েন্সেস ক্যাম্পাস এবং ভেস্টালে এর প্রধান ক্যাম্পাসের চলমান উন্নয়নকে সমর্থন করার জন্য স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের (State University of New York, SUNY) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) উভয়ের পক্ষ থেকে তহবিল।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রধান পরিচালনা কর্মকর্তা ও নির্বাহী ডেপুটি কমিশনার কেভিন ইউনিস বলেন, "বিংহ্যামটন ইউনিভার্সিটির হেলথ সায়েন্সেস ক্যাম্পাস নির্মাণে নিউ ইয়র্ক স্টেটের বিনিয়োগ এবং অংশীদারিত্ব জনসন সিটিকে আরও উজ্জ্বল ভবিষ্যতের দিকে ধাবিত করার জন্য মূল ভূমিকা পালন করেছে। এই নতুন পরিষেবা কর্মীদল উন্নয়ন এবং উদ্ভাবনের প্রতি ESD এর কৌশলগত ফোকাসকে প্রতিফলিত করে, যা নতুন চাকরি এবং রূপান্তরমূলক পরিবর্তন আনছে যা সাউদার্ন টিয়ারের চলমান পুনরুজ্জীবনে অনুঘটকের কাজ করবে।"

সিনেটর ফ্রেড আকশার বলেন, "এমন একটা সময়ে যখন নার্সদের বিরাট সংকট চলছে, তখন নার্সিং ক্ষেত্রের সমৃদ্ধিকে সহায়তা করতে সুযোগ তৈরিতে বিনিয়োগ করা অত্যন্ত জরুরি। এই বিনিয়োগগুলি ব্যবহার করে পুনরুজ্জীবনের প্রয়োজনে থাকা সম্প্রদায়কে রূপান্তর করার মাধ্যমেই সরকারের কাজ করা উচিৎ।"

স্টেটের অ্যাসেম্বলিওম্যান ডনা লুপার্ডো বলেন, "ডেকার কলেজ অফ নার্সিং অ্যান্ড হেলথ সায়েন্সেস জনসন সিটিতে বিংহ্যামটন ইউনিভার্সিটির ক্যাম্পাসের একটি অবিচ্ছেদ্য অংশ।কলেজটি একটি পরিত্যক্ত জুতার বাক্স কারখানাকে পুনর্বাসন করে, সম্প্রদায়ে নতুন জীবন এবং শক্তি নিয়ে এসেছে। আমি আমাদের সকল অংশীদারের কাছে কৃতজ্ঞ, যারা কেবল জনসন সিটির উপর ভরসাই রাখেনি, বরং, তারা বুঝেছেন যে এই বিনিয়োগগুলি আমাদের পুরো অঞ্চল এবং স্টেটের অতীব প্রয়োজনীয় শিক্ষা এবং অর্থনৈতিক সুযোগ তৈরির মাধ্যমে ফল প্রদান করবে।"

SUNY এর চ্যান্সেলর জিম মালাট্রাস বলেছেন, "বিংহ্যামটন ইউনিভার্সিটির নতুন ডেকার কলেজ অফ নার্সিং অ্যান্ড হেলথ সায়েন্সেস স্টেটের গুরুত্বপূর্ণ বিনিয়োগের মাধ্যমে SUNY কী করতে পারে তা দেখায়। এই বিনিয়োগ SUNY কে গুরুতরভাবে প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা কর্মীদের শিক্ষিত এবং প্রশিক্ষিত করার সুযোগ দিচ্ছে, বিশেষ করে নার্সদের যারা স্বাস্থ্যসেবা ব্যবস্থার হৃৎস্পন্দন। নিউ ইয়র্কের কর্মীদল উন্নয়নকারী হাত হিসাবে, SUNY উচ্চ মানের, সাশ্রয়ী, সরকারি শিক্ষা প্রদানের মাধ্যমে চাকরির চাহিদার চ্যালেঞ্জ মোকাবেলা করতে প্রস্তুত। SUNY এর জন্য তার নেতৃত্ব এবং অটল সমর্থনের জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

ব্রুম কাউন্টি এক্সিকিউটিভ জেসন গার্নার বলেন, "জনসন সিটিতে যে কাজ হয়েছে তা আমাদের আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ পরিকল্পনার কেন্দ্রবিন্দুতে ছিল। বিংহ্যামটন ইউনিভার্সিটির নতুন নার্সিং স্কুল খোলা ব্রুম কাউন্টির এই অংশের চলমান রূপান্তরের সর্বশেষ সাফল্য। UHS এর পাশে BU এর হেলথ সায়েন্সেস ক্যাম্পাস নির্মাণ ভবিষ্যতের নার্স, ফার্মাসিস্ট এবং অন্যান্য স্বাস্থ্যসেবা কর্মীদের জন্য শিক্ষা এবং প্রশিক্ষণের জন্য নিখুঁত পরিবেশ প্রদান করে। আমাদের সম্প্রদায়কে পুনরুজ্জীবিত করার জন্য গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের এবং পাশাপাশি ইউনিভার্সিটির প্রতিশ্রুতিকে আমি সাধুবাদ জানাই।"

জনসন সিটি ভিলেজের মেয়র গ্রেগ ডিমি বলেন, "নিউ ইয়র্ক স্টেট এবং বিংহ্যামটন ইউনিভার্সিটির মধ্যকার অংশীদারিত্ব জনসন সিটির জন্য গেম চেঞ্জার ছিল। এই বিনিয়োগগুলি আমাদের সমৃদ্ধ হতে এবং আমাদের সম্প্রদায়জুড়ে এলাকাগুলিকে পুনরুজ্জীবিত করতে

সহায়তা করছে। জনসন সিটির জন্য আরও উজ্জ্বল একটি ভবিষ্যৎ নির্মাণে আমাদের প্রচেষ্টায় অনুঘটকের কাজ করার পথে আমাদের স্থানীয় এবং স্টেট অংশীদারদের সাথে কাজ করা চালিয়ে যেতে আমি উদগ্রীব।"

সাউদার্ন টিয়ার রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Southern Tier Regional Economic Development Council) কো-চেয়ার, এবং অর্থনৈতিক উন্নয়নের জন্য স্কুইলার কাউন্টি পার্টনারশিপের (Schuyler County Partnership for Economic Development) নির্বাহী পরিচালক, জুডি ম্যাকিনি চেরি, এবং ব্রুম কমিউনিটি কলেজের (Broome Community College) প্রেসিডেন্ট ডঃ কেভিন ড্রাম বলেন, "এই প্রকল্পটি প্রমাণ করে যে অর্থনৈতিক উন্নয়নের জন্য শিক্ষাকে ব্যবহার করার আঞ্চলিক কাউন্সিলের পদ্ধতি সত্যি কাজ করছে যেহেতু এটি অঞ্চলের কৌশলগত পরিকল্পনার সাথে মিলে যায় এবং তা একটি খালি ভবনকে একটি প্রাণচঞ্চল পরিষেবায় রূপান্তর করার মাধ্যমে ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করছে। আমরা বিংহ্যামটন ইউনিভার্সিটির সাথে আমাদের অংশীদারিত্ব চালিয়ে যাওয়ার জন্য মুখিয়ে আছি, যখন আমরা আরও বিনিয়োগ আকর্ষণ, নতুন চাকরি তৈরি, ভবিষ্যতের কর্মীদল প্রশিক্ষণের পাশাপাশি বর্তমানের সাউদার্ন টিয়ারের অর্থনীতিকে সম্প্রসারণ এবং শক্তিশালী করার জন্য একসাথে কাজ করবো।"

সাউদার্ন টিয়ার সোরিংকে (Southern Tier Soaring) ত্বরান্বিত করা

আজকের ঘোষণার সম্পূরক সাউদার্ন টিয়ার সোরিং এই এলাকায় অনেক অর্থনৈতিক এবং সামাজিক উন্নতি করার একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে নকশাকৃত পরিকল্পনাটি একটি প্রতিভাবান কর্মীদল, ক্রমবর্ধমান ব্যবসা এবং উদ্ভাবন আকর্ষণের দিকে ফোকাস করে। বর্তমানে, অঞ্চলটি আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের (Upstate Revitalization Initiative) মাধ্যমে সাউদার্ন টিয়ার সোরিংকে 500 মিলিয়ন মার্কিন ডলার স্টেট বিনিয়োগ দিয়ে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ বেসরকারি ব্যবসাগুলিকে 2.5 বিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করতে প্রণোদিত করবে - এবং এই অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী অনুমিত হচ্ছে যে 10,200টি নতুন কর্মসংস্থান হবে। আরও তথ্য এখানে রয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD) হচ্ছে নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক ডেভেলপমেন্ট এজেন্সি (www.esd.ny.gov)। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও নিউ ইয়র্কের রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি (I LOVE NEW YORK)," এই স্টেটের সবচেয়ে আদর্শ ভ্রমণ ব্যবস্থার ব্র্যান্ডের মার্কেটিং তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হচ্ছে ESD। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন